

Total number of printed pages-4

63 (FY)SEM-2/SEC2/BENSEC1023

2024

BENGALI

Paper : BENSEC1023

(Practical Bengali-2)

Full Marks : 50

Pass Marks : 20

Time : Two hours

The figures in the margin indicate full marks for the questions.

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি বেছে নিয়ে লেখ :

১×৫=৫

(ক) প্রতিবেদন যিনি প্রস্তুত করেন, তিনি হলেন

(i) শিক্ষক

(ii) প্রতিবেদক

(iii) গায়ক

(iv) কবি

Contd.

(খ) তন্নয় বা বস্তুনিষ্ঠ প্রবন্ধের উপভাগ কয়টি?

(i) ৫টি

(ii) ৬টি

(iii) ৭টি

(iv) ৮টি

(গ) নিম্নের কোনটি বর্ণনামূলক প্রবন্ধের অন্তর্ভুক্ত নয়?

(i) পদার্থ

(ii) প্রাণী

(iii) জীবনী

(iv) রাজনীতি

(ঘ) Instalment-এর বাণিজ্যিক পরিভাষা নির্ণয় করো :

(i) দোকান দেওয়া

(ii) বন্ধ করা

(iii) কিস্তি

(iv) স্থান

(ঙ) 'প্রতিবেদন' শব্দটি এসেছে ইংরেজি

(i) Report

(ii) Reporter

(iii) News

(iv) Communication

২। নিম্নলিখিত প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোনো পাঁচটি) :

২×৫=১০

(ক) বাণিজ্যিক পত্রের দুটি বৈশিষ্ট্য লেখো।

(খ) বস্তুনিষ্ঠ প্রবন্ধের দুটি উপভাগের নাম উল্লেখ করো।

(গ) পারিভাষিক শব্দের যেকোনো দুটি উদাহরণ দাও।

(ঘ) একটি ভালো প্রতিবেদনের বৈশিষ্ট্য কী কী?

(ঙ) সংবাদ প্রতিবেদন লেখার নিয়মগুলো কী কী?

(চ) বাংলা পরিভাষা সৃষ্টিতে অগ্রণী ভূমিকা পালন করা দুজন ব্যক্তির নাম উল্লেখ করো।

(ছ) প্রতিবেদন লেখার প্রধান অংশ কয়টি ও কী কী?

৩। নিম্নলিখিত যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×৫=২৫

- (ক) প্রবন্ধ কাকে বলে? প্রবন্ধ কত প্রকার? প্রবন্ধ রচনার দুটি পদ্ধতি উল্লেখ করো।
- (খ) পরিভাষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (গ) বর্ণনামূলক ও চিন্তামূলক প্রবন্ধ বলতে কী বোঝায়? সংক্ষেপে লেখো।
- (ঘ) প্রতিবেদন রচনা কাকে বলে? প্রতিবেদন রচনার ক্ষেত্রে প্রধান প্রধান উল্লেখনীয় বিষয় সম্বন্ধে আলোচনা করো।
- (ঙ) পরিভাষা কাকে বলে? পরিভাষায় তিনটি বৈশিষ্ট্য লেখো।
- (চ) প্রবন্ধ রচনার বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।
- (ছ) তোমার এলাকায় লোডশেডিং ও বিদ্যুৎ বিভ্রাট সম্পর্কে একটি সংবাদ প্রতিবেদন করো।
- (জ) টীকা লেখো :
চিন্তামূলক প্রবন্ধ

৪। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয়ের প্রবন্ধ রচনা করো :

১০

- (ক) আসামের বন্যা সমস্যা
- (খ) তোমার প্রিয় লেখক